
ঢাকায় ২৪তম আন্তর্জাতিক কেরাত সম্মেলন অনুষ্ঠিত হবে ২৮ নভেম্বর



সংগৃহীত ছবি

পবিত্র কোরআনের তিলাওয়াত চর্চাকে আন্তর্জাতিক পরিসরে আরও বিস্তৃত করতে আগামী ২৮ নভেম্বর জাতীয় মসজিদ বায়তুল মোকাররম প্রাঙ্গণে অনুষ্ঠিত হতে যাচ্ছে ‘২৪তম আন্তর্জাতিক কেরাত সম্মেলন বাংলাদেশ–২০২৫’। শুক্রবার বিকেল ৪টায় শুরু হওয়া এ আয়োজনের সব প্রস্তুতি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। আন্তর্জাতিক কোরআন তিলাওয়াত সংস্থা ‘ইক্বরা’ আয়োজনটি পরিচালনা করছে, পৃষ্ঠপোষকতায় রয়েছে পিএইচপি ফ্যামিলি এবং সহযোগিতায় ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ।

সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা ড. আ ফ ম খালিদ হোসেন। প্রধান পৃষ্ঠপোষক হিসেবে যোগ দেবেন পিএইচপি ফ্যামিলির চেয়ারম্যান সুফি মো. মিজানুর রহমান। বিশেষ অতিথিদের মধ্যে থাকবেন ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক আ. হালিম খান, ঢাকা জেলা প্রশাসক তানজিল আহমেদ এবং বাংলাদেশ পুলিশের ডিআইজি এজাজ আহমেদ। এছাড়া বিভিন্ন দেশের রাষ্ট্রদূত ও কূটনীতিকরাও অনুষ্ঠানে অংশ নেবেন বলে জানিয়েছেন আয়োজকরা।

বিশ্বের বিভিন্ন দেশ থেকে আগত খ্যাতনামা ক্বারিদের উপস্থিতিতে অনুষ্ঠানটি হয়ে উঠবে অত্যন্ত তাৎপর্যপূর্ণ। অংশগ্রহণকারীদের মধ্যে রয়েছেন মিসরের শাইখ আহমদ আল জাওহারি, তুরস্কের শাইখ আব্দুল ওয়ালী আরাকানি, পাকিস্তানের ক্বারি আনোয়ারুল হাসান শাহ বুখারী, ইরানের ক্বারি মাহদী গুলামনেজাদ এবং ফিলিপাইনের ক্বারি মুহাম্মদ নাইর আসফার। সম্মেলনের সভাপতিত্ব করবেন বিশ্বখ্যাত ক্বারি শাইখ আহমদ বিন ইউসুফ আল আজহারী।

১৯৯১ সালে বেতার ও টেলিভিশনের সাবেক প্রধান ক্বারি, মুক্তিযুদ্ধের সংগঠক এবং বিশ্ববিখ্যাত তিলাওয়াতকারী মাওলানা ক্বারি মুহাম্মদ ইউসুফ (রহ.) প্রতিষ্ঠিত ‘ইক্বরা’ সংস্থা গত ৩৪ বছর ধরে ধারাবাহিকভাবে এই আন্তর্জাতিক কেরাত সম্মেলনের আয়োজন করে আসছে।